05 – 11 August, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৩১ সাপ্তাহিক ০৫ - ১১ আগস্ট, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১৬ Rs. 5.00

ভেতরের পাতায়

❖ 'ডব্লুবিসিএস প্রিলিমিনারি' পরীক্ষার স্পেশাল মডেল সেট-২ এর শেষাংশ এবং সেট-৩ এর প্রথম অংশ
❖ 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।
❖ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।
❖ বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

২৩৫৭ গ্রামীণ ডাকসেবক

সারা দেশে পোস্টাল সার্কেল ২০২১ এর মাধ্যমে তৃতীয় পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে চলেছে। পশ্চিমবঙ্গ সার্কেলে মোট ২৩৫৭টি শূন্যপদে গ্রামীণ ডাকসেবক নিয়োগ হবে। গোটা দেশে বিভিন্ন রাজ্য/অঞ্চল/সার্কেল ভাগ করে আবেদনগ্রহণ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : ICTTRECTT/R-100GDS-CYCLE-III/VOL-I। তিনটি পদে নিয়োগ করা হবে যথা– ব্রাঞ্চ পোস্ট মাস্টার (ডিপিএম), অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার (এবিপিএম) এবং ডাকসেবক।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ২৩৫৭টি। এরমধ্যে অসংরক্ষিত ১০০১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৯২, ওবিসি ৪৯৬, এসসি ৪৮৭, এসটি ১২০ ও শারীরিক প্রতিবন্ধী ৫৫।

মাধ্যমিক যোগ্যতায়

▸ **শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীদের স্বীকৃত বোর্ড থেকে অঙ্ক, ইংরেজি এবং যে এলাকায় প্রার্থী আবেদন করছেন সেখানা স্থানীয় ভাষায় পাশ নম্বরসহ মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। যেমন দার্জিলিং পোস্টাল ডিভিশনের জন্য স্থানীয় ভাষা নেপালি/বাংলা। তাই ওখানকার প্রার্থীদের নেপালি বা বাংলা– যেকোনো একটি ভাষায় মাধ্যমিক পাশ করে থাকতে হবে। এছাড়া অন্তত ৬০ দিনের মেয়াদে একটি বেসিক কম্পিউটার কোর্স করে থাকতে হবে। সাইকেল, মোটর সাইকেল চালানো জানতে হবে। ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে আবেদন করলে সংশ্লিষ্ট পোস্টাল গ্রাম বা এলাকার জনবহুল অংশে নিজের বাড়ি/সরকারি নিবাস বা অফিস (যেমন সরকারি স্কুল)-এর ব্যবস্থা থাকতে হবে।

এরপর ২ পাতায়

কলকাতা পুলিশে ৩৩০

'ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'-এর মাধ্যমে কলকাতা পুলিশে সাব-ইন্সপেক্টর এবং সার্জেন্ট শাখায় ৩৩০ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদন করতে হবে ১৯ আগস্ট ২০২১ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** *আন-আর্মড ব্রাঞ্চে সাব ইন্সপেক্টর (পুরুষ)* শাখায় মোট শূন্যপদ ১৮১টি (অসংরক্ষিত ১০১, এসসি ৪১, এসটি ৯, ওবিসি-এ ১৯ এবং ওবিসি-বি ১১)। *আন-আর্মড ব্রাঞ্চে সাব ইন্সপেক্টর (মহিলা)* শাখায় মোট শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১০, এসসি ১০, এসটি ২, ওবিসি-এ ২ এবং ওবিসি-বি ১৩)। *সার্জেন্ট (পুরুষ)* শাখায় মোট শূন্যপদ ১২২টি (অসংরক্ষিত ৬০, এসসি ১৬, এসটি ২৫, ওবিসি-এ ১২ এবং ওবিসি-বি ৯)।

স্নাতক যোগ্যতায়

▸ **বয়স :** ১ জানুয়ারি, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ২০-২৭ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায়

এরপর ২ পাতায়

ওয়েস্টার্ন রেলে স্পোর্টস কোটায় ২১

পশ্চিম রেলের হেড অফিস মুম্বাই থেকে সম্প্রতি স্পোর্টস কোটার মাধ্যমে ২১টি শূন্যপদে রেলওয়ে রিক্রুটমেন্ট সেলে প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : RRC/WR/02/2021(Sports Quota) DATED 28/07/2021। এসসি/এসটি এবং ওবিসি প্রার্থীরা আবেদন করতে পারবেন। আবেদন করতে হবে ৩ সেপ্টেম্বরের মধ্যে।

▸ **শূন্যপদ :** ১) অ্যাথলেটিক্স (ভল্ট) শাখায় শূন্যপদ ১টি, ২) হ্যান্ডবল (এম) শাখায় শূন্যপদ ১টি, ৩) হকি (ভল্ট) শাখায় শূন্যপদ ২টি, ৪) বাস্কেটবল (ভল্ট) শাখায় শূন্যপদ ১টি। উপরিউক্ত ৪টি শাখায় বেতনক্রম : লেভেল ৪/৫। গ্রস পে : ২৪০০/২৮০০ টাকা (VI PC)। ৫) অ্যাথলেটিক্স (এম) শাখায় শূন্যপদ ৩টি, ৬) অ্যাথলেটিক্স (ভল্ট) শাখায় শূন্যপদ

এরপর ২ পাতায়

আইডিবিআই ব্যাঙ্কে ৯৫৬ এক্সিকিউটিভ

স্নাতক যোগ্যতায়

আইডিবিআই ব্যাঙ্ক ৯৫৬টি শূন্যপদে প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে এক্সিকিউটিভ শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন করতে হবে ১৮ আগস্ট তারিখের মধ্যে। প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৯৫৬টি (অসংরক্ষিত ৩৭৩, এসসি ১৩৮, এসটি ৬৯, ওবিসি ২৪৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৯২ ও শারীরিক প্রতিবন্ধী ৩৬)। শূন্যপদ পরবর্তীতে বাড়তে বা কমতে পারে।

▸ **বয়সসীমা :** ১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ২০-২৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ স্নাতক পাশ করতে হবে। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পেলেই আবেদনযোগ্য।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে শুধুমাত্র অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। কোনো ইন্টারভিউ রাউন্ড হবে না। অনলাইন লিখিত পরীক্ষায় পাশ করলে প্রার্থীকে সরাসরি ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে। লিখিত পরীক্ষায় থাকছে টেস্ট অফ রিজনিং, টেস্ট অফ ওয়ার্কিং ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং টেস্ট অফ কোয়ান্টিটেটিভ বিষয় থেকে ৫০টি করে মোট ১৫০ নম্বরের প্রশ্ন থাকবে। নির্ধারিত সময় ৯০ মিনিট। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকছে। পরীক্ষার কেন্দ্র পড়বে কলকাতাসহ দেশের বিভিন্ন শহরে। যেমন– আমেদাবাদ, অমৃতসর, ভোপাল, বেঙ্গালুরু, বেলগাঁও, ভুবনেশ্বর, কোয়েম্বাটোর, চেন্নাই, চণ্ডিগড়, দিল্লি,

এরপর ৩ পাতায়

ভারত ইলেকট্রনিক্সে ৫১১ ইঞ্জিনিয়ার

আবেদনের শেষ তারিখ ১৫ আগস্ট

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ নবরত্ন কোম্পানি ভারত ইলেকট্রনিক্স লিমিটেড প্রাথমিকভাব চুক্তিভিত্তিক পদ্ধতিতে সংস্থার বেঙ্গালুরুর অফিসে 'এক্সপোর্ট ম্যানুফ্যাকচারিং, এসসি অ্যান্ড ইউএস, মিলিটারি র‍্যাডার্স অ্যান্ড মিলিটারি কমিউনিকেশন' বিভাগে ৫১১ জনকে ট্রেনি ইঞ্জিনিয়ার ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার শাখায় নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা

এরপর ৩ পাতায়

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষা ১৩ আগস্ট থেকে

কেন্দ্রীয় সরকারি চাকরিগুলির মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জনপ্রিয় পরীক্ষাটি হল স্টাফ সিলেকশন কমিশন দ্বারা অনুষ্ঠিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (সিজিএল) এক্সামিনেশন। প্রায় ৭,০৩৫টি শূন্যপদে যেকোনো শাখায় স্নাতক পাশ প্রার্থীদের জন্য গতবছর ২৯ ডিসেম্বর এই পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করে কমিশন। আবেদন গ্রহণ চলেছিল একবছর ৩১ জানুয়ারি পর্যন্ত। সারা দেশ থেকে কয়েক লক্ষ স্নাতক পাশ পরীক্ষার্থী এই পরীক্ষার জন্য আবেদন গ্রহণ করেছিল। অতিমারী পরিস্থিতির কারণে বেশ কয়েকবার পরীক্ষার তারিখ ঘোষণা হলেও ফের তা পিছোতে বাধ্য হয় কমিশন। অবশেষে এ মাসে ১৩-২৪ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন (২০২০) বিজ্ঞপ্তি টায়ার-১ পরীক্ষা। এই পরীক্ষাটি ৪টি টায়ারে অনুষ্ঠিত হয়ে থাকে।

এরপর ৩ পাতায়

ডব্লুবিসিএস পরীক্ষা ২২ আগস্ট

২০২০ ডব্লুবিসিএস মেন পরীক্ষাও আগস্টেই

দীর্ঘ প্রতিক্ষার পর অবশেষে ডব্লুবিসিএস ২০২১ সালের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হতে চলেছে আগামী ২২ আগস্ট। অতিমারী পরিস্থিতির কারণে বেশ কয়েকবার পরীক্ষার তারিখ ঘোষণা হলেও তা স্থগিত হয়ে যায়। গত বছর ২৪ ডিসেম্বর পাবলিক সার্ভিস কমিশন 'ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস এক্সামিনেশন, ২০২১' পরীক্ষার আবেদন গ্রহণ শুরু করে। আবেদনগ্রহণ শেষ হয়েছিল একবছর ১৫ জানুয়ারি তারিখে। সারা রাজ্যে যেকোনো শাখায় স্নাতক পাশ প্রার্থীরা, যাঁরা রাজ্য সরকারের প্রশাসনিক দপ্তরে উচ্চপদস্থ কর্মচারী হওয়ার স্বপ্ন

এরপর ২ পাতায়

স্কুল-কলেজ পড়ুয়াদের অনলাইন-অফলাইনে সরকারি চাকরি

স্কুল-কলেজের পরীক্ষা শেষ, প্রস্তুতি নিতে এখনই যোগাযোগ করুন জিএসসিই-র সঙ্গে

Name of Exam	Duration	GSCE's Speciality
WBCS & PSC Ace	18 Months	▸ 7 Days Online Support ▸ GK & CA ▸ Online & Offline Class ▸ Limited Batch Size ▸ Exam Oriented Books ▸ Magazine & Tabloid ▸ Interview Preparation ▸ Class Test ▸ Performance Test ▸ Homework ▸ Quiz
SSC & Railways Ace	12 Months	
TET Course Ace	6 Months + 3	
Bank & Insurance Ace	6 Months	
Crash Course Ace	6 Months	Pre-recorded Video Classes as per requirement

New Normal — Online Course on Competitive Exams for all types of Central and State level Govt. jobs - like
WBCS • SLST • TET • BANK
RAIL • PSC • SSC • LIC • Police etc.
কোর্স ফি ৩৫৪০ টাকা থেকে শুরু
Website : www.gsceindia.org
GSCE অলনাইন
EMI facility available

GSCE-তে সব কোর্সেই ভর্তি চলছে। আসন সংখ্যা সীমিত।

শিয়ালদহ(HO) : 9674087465 শিলিগুড়ি : 9674087473 কল্যাণী : 9674087469 পঃ মেদিনীপুর : 9230056671
কোচবিহার : 9830277023 কালিম্পং : 9830277171 ব্যারাকপুর : 9230056668 কাঁচরাপাড়া : 9674087874
আলিপুরদুয়ার : 9674033336 মালদা : 9674087472 ডানলপ : 9230056673 বর্ধমান : 9674025700
শিলিগুড়ি : 9830277698 বহরমপুর : 9674087471 বারাসাত : 9674087467 বোলপুর : 9674012025
জলপাইগুড়ি : 9674025600 কৃষ্ণনগর : 9674087470 কোন্নগর : 9230056667 ব্যান্ডেল : 9230056669
ধূপগুড়ি : 9830277257 রানাঘাট : 9674083508 সোনারপুর : 9674087466 কাটোয়া : 9830277230

Admission Helpline : 9830277100 / 200 / 300

101 GEORGE TELEGRAPH — GSCE — পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

সম্পাদকীয়

গত ২৪ জুলাই জাপানের টোকিওতে শুরু হয়েছে বহু প্রতিক্ষিত অলিম্পিক্স ২০২০-র আসর। প্রথম দিনই বিশ্বকে চমকে দিয়ে ভারোত্তোলনে মহিলাদের ৪৯ কেজি বিভাগে ২০২ কেজি (নিজের ওজনের ৪ গুণ) ওজন তুলে দেশকে রুপো জয়ের স্বাদ এনে দিয়েছেন মণিপুরে রুপোলি কন্যা মীরাবাঈ চানু। তাঁর এই সাফল্যের সঙ্গে সঙ্গেই বিশ্বের দরবারে একথা সসম্মানে প্রতিষ্ঠিত হয়েছে যে উত্তর-পূর্ব ভারতের ভৌগোলিক অবস্থানের বন্ধুরতা বা আর্থ-সামাজিক অনগ্রসরতা কোনোকিছুই বাধা হয়ে দাঁড়াতে পারেনি এক পাহাড়ি মেয়ের কাছে। তাঁকে দেখে তথাকথিত শহরের উচ্চবিত্ত ঘরের মহিলারাও যারপরনাই ঈর্ষান্বিত হয়েছেন। আসলে তিনি প্রমাণ করেছেন যে, 'চকচক করলেই সোনা হয়না'। তাঁর সেই সাফল্যের ধারা অব্যাহত রেখে আরও দুই ভারতীয় কন্যা সম্প্রতি নিজ নিজ বিভাগে ব্রোঞ্জ জয় করে ভারতবাসীকে গৌরবান্বিত করেছেন। ব্যাডমিন্টনে পরপর দুটি অলিম্পিকে রুপো ও ব্রোঞ্জ জয় করে ইতিহাস গড়লেন ভারতীয় কন্যা পিভি সিন্ধু। অন্যদিকে আসামের প্রত্যন্ত গ্রামের মেয়ে লবলিনা বড়গোহাঁই বক্সিংয়ে ব্রোঞ্জ এনে দিলেন দেশকে। ৫৭ কেজি ফ্রিস্টাইল কুস্তিতে দেশকে রুপো এনে দিলেন রবিকুমার দহিয়া। উল্লেখ্য, দীর্ঘ ৪১ বছরের খরা কাটিয়ে দেশকে পদক এনে দিল পুরুষ হকি দল। তৃতীয় স্থান নির্ণায়ক ম্যাচে জার্মানিকে হারিয়ে ব্রোঞ্জ পদক পেল তারা। সব মিলিয়ে অলিম্পিক হকিতে ভারত মোট ৮টি সোনা, ১টি রুপো ও ৩টি ব্রোঞ্জ জিতেছে। এই পত্রিকা প্রকাশিত হওয়ার সময় (৫ আগস্ট) পর্যন্ত ভারতীয়দের ঝুলিতে মোট ৫টি পদক এসেছে। আমাদের পত্রিকা 'শিক্ষা চাকরি ও খেলা' বরাবরই ছাত্রছাত্রীদের বলে থাকে মেধাই নয়, পরিশ্রমই সাফল্যের চাবিকাঠি। পড়াশোনার পাশাপাশি একজন ছাত্র বা ছাত্রী খেলাধুলার কোনো শাখায় যদি আগ্রহ থাকে বলে মনে করে তাহলে তার পিছনেও শ্রম দেওয়া উচিত। কারণ বর্তমান আর্থসামাজিক পরিস্থিতিতে উচ্চশিক্ষার পাশাপাশি অন্য ডিগ্রির সঙ্গে স্পোর্টস কোটায় সরকারি চাকরি দিচ্ছে প্রশাসন। সুতরাং আগেই নিজেকেই প্রশ্ন করুন, আপনার জীবনের লক্ষ্য কী? সেই লক্ষ্যকে সামনে রেখেই কেরিয়ার গড়ে তুলুন। ভবিষ্যৎ জীবন উজ্জ্বল হবেই। সকলে ভালো থাকবেন, 'শিক্ষা চাকরি ও খেলা' সর্বদাই আপনাদের পাশে থাকবে। সাফল্য আসবেই।

কলকাতা পুলিশে ৩৩০

১ পাতার পর

স্নাতক পাশ করতে হবে। বাংলা ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। সমস্ত শিক্ষাগত যোগ্যতা ১৭ জুলাই, ২০২১ তারিখের আগে সম্পন্ন করতে হবে।

▸ **শারীরিক মাপজোখ :** সাব-ইন্সপেক্টর শাখায় পুরুষদের ন্যূনতম শারীরিক উচ্চতা হবে হবে ১৬৭ সেমি। বুকের ছাতি হবে হবে ৭৯ সেমি এবং ফুলিয়ে ৮৪ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৬ কেজি। সাব-ইন্সপেক্টর শাখায় মহিলা পদে ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬০ সেমি এবং ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি। সার্জেন্ট শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৭৩ সেমি। বুকের ছাতি হতে হবে অন্তত ৮৬ সেমি এবং ফুলিয়ে অন্তত ৯১ সেমি। শারীরিক প্রতিবন্ধীরা আবেদনযোগ্য নন।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা এবং শেষে ফাইনাল লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নে ৯০ মিনিট সময়ে জেনারেল স্টাডিজ (৫০টি প্রশ্ন ১০০ নম্বরের), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (২৫টি প্রশ্ন ৫০ নম্বরের) এবং অ্যারিথমেটিক থেকে (২৫টি প্রশ্ন ৫০ নম্বরের)। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। এই ধাপে পাশ করলে প্রার্থীদের মাঠ পরীক্ষায় যেখানে পুরুষ প্রার্থীদের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদে জন্য ৮০০ মিটার দৌড়তে হবে ৩ মিনিটে এবং মহিলাদের ৪০০ মিটার দৌড়তে হবে ২ মিনিটে। মাঠে পাশ করলে প্রার্থীদের ফাইনাল লিখিত পরীক্ষায় বসতে হবে যেটি ৩টি পেপারে অনুষ্ঠিত হবে। জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক থেকে ১০০ নম্বরের প্রশ্ন, সময় ২ ঘণ্টা। দ্বিতীয় পেপারে থাকবে ইংরেজি থেকে ৫০ নম্বরের প্রশ্ন, সময় ১ ঘণ্টা এবং তৃতীয় পেপারে থাকবে বাংলা/হিন্দি/উর্দু/নেপালি থেকে ৫০ নম্বরের প্রশ্ন, সময় ১ ঘণ্টা। তিনটি পেপারের পরীক্ষাই একইদিনে অনুষ্ঠিত হবে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের পার্সোনালিটি টেস্টে ডাকা হবে। পার্সোনালিটি টেস্টে মোট ৩০ নম্বরের পরীক্ষা হবে। পাশমার্ক ৮। এই ধাপে পাশ করে গেলে প্রার্থীদের চূড়ান্ত মেডিক্যাল পরীক্ষা ও ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে। উল্লেখ্য, ফাইনাল লিখিত পরীক্ষাটি রচনাধর্মী প্রশ্নে হবে।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৯ আগস্ট, বিকেল পাঁচটার মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে wbpolice.gov.in অথবা, www.kolkatapolice.gov.in ওয়েবসাইটে গিয়ে আবেদন করতে হবে। আবেদন ফি ২৭০ টাকা। এসসি/এসটি প্রার্থীদের আবেদন ফি ২০ টাকা। অফলাইনে চালানের মাধ্যমে টাকা জমা করার শেষ তারিখ ২১ আগস্ট। টাকা জমা করতে হবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের যেকোনো শাখায়। প্রার্থীরা চাইলে অফলাইনেও আবেদন করতে পারেন। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ডব্লুবিসিএস পরীক্ষা ২২ আগস্ট

১ পাতার পর

দেখেন তারাই আবেদন করেছিলেন। সেইমতন প্রস্তুতি গ্রহণ করে একছর মার্চ-এপ্রিল মাস নাগাদ প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণ করার মানসিক প্রস্তুতিও নিয়েছিলেন। কিন্তু তা পিছিয়ে যাওয়ায় পরীক্ষার্থীদের মধ্যে দেখা যায় হতাশার ছাপ। অবশেষে ২২ আগস্ট পরীক্ষার দিন ঘোষণা হওয়ায় কয়েক হাজার পরীক্ষার্থী এখন আসন্ন প্রস্তুতিতে উঠেপড়ে লেগেছে। এই পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য প্রার্থীদের বয়সসীমা হতে হয় ২০-৩৯ বছরের মধ্যে। চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসের অধীনে গ্রুপ-এ, গ্রুপ-বি, গ্রুপ-সি এবং গ্রুপ-ডি শাখায় বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ করা হয়। সবকটিই পদে আবেদনের জন্য স্নাতক পাশ করলেই যথেষ্ট। একজন প্রার্থী সবকটি গ্রুপের জন্যই আবেদন করতে পারেন। কিন্তু নিয়োগের সময় প্রার্থীর পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই গ্রুপ অনুযায়ী তাঁকে নিযুক্ত করা হয়। ***গ্রুপ-এ বিভাগে*** যে যে পদগুলি আছে সেগুলি হল– ১) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ), ২) অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ রেভেনিউ ইন দ্য ইন্টিগ্রেটেড ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস, ৩) ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস, ৪) ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস, ৫) ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস, ৬) ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস। এই বিভাগে নিযুক্ত কর্মীদের বেতনক্রম- ১৬ (৫৬,১০০ টাকা থেকে ১,৪৪,৩০০ টাকা)। এই বিভাগে নির্ধারিত বয়সসীমা ২১-৩৬ বছর। ***গ্রুপ-বি বিভাগের*** অন্তর্গত পদটি হল– ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস। এই পদেও বেতনক্রম - ১৬ (৫৬,১০০ টাকা থেকে ১,৪৪,৩০০ টাকা)। এই বিভাগে নির্ধারিত বয়সসীমা ২০-৩৬ বছর। ***গ্রুপ-সি বিভাগে*** যে যে পদগুলি আছে সেগুলি হল– ১) সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম/ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম। এই পদের বেতনক্রম - ১৫ (৪২,৬০০ টাকা থেকে ১,০৯,৮০০ টাকা), ২) জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ৩) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাকটিসেস, ৪) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস, ৫) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড-১, ৬) অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার, ৭) জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিসপিউটস রিড্রেসাল কমিশন আন্ডার দ্য কনজিউমার অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট)। উপরিউক্ত পদগুলির বেতনক্রম - ১৪ (৩৯,৯০০ টাকা থেকে ১,০২,৮০০ টাকা)। ৮) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন)। ৯) চিফ কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিসেস। উপরিউক্ত দুটি পদে বেতনক্রম - ১২ (৩৫,৮০০ টাকা থেকে ৯২,১০০ টাকা)। এই বিভাগে নির্ধারিত বয়সসীমা ২১-৩৬ বছর। ***গ্রুপ-ডি বিভাগে*** যে যে পদগুলি আছে সেগুলি হল– ১) ইন্সপেক্টর অফ কো-অপারেটিভ সোসাইটি। ২) পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার

এরপর ৩ পাতায়

২৩৫৭ গ্রামীণ ডাকসেবক

১ পাতার পর

ব্রাঞ্চ অফিস অন্তত ১০০ বর্গফুট হতে হবে। ব্রাঞ্চ অফিসে সেফটি, সিকিউরিটি, পাওয়ার সাপ্লাই থাকতে হবে।

▸ **বয়সসীমা :** ২০ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **নির্বাচন পদ্ধতি :** আবেদনপত্রের ভিত্তিতে প্রথমে প্রার্থীদের মাধ্যমিকে প্রাপ্ত নম্বর দেখা হবে। শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেরিটলিস্ট প্রস্তুত করা হবে ও সংশ্লিষ্ট ওয়েবসাইটে তা আপলোড করে দেওয়া হবে।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৯ আগস্ট তারিখের মধ্যে প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে https://indiapost.gov.in অথবা, https://atpost.in/gdsonline ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। প্রার্থীদের আবেদন ফি জমা করতে হবে যেকোনো স্বীকৃত হেড পোস্ট অফিসে গিয়ে। সমস্ত পোস্ট অফিসগুলির নাম https://atpost.in/gdsonline এই ওয়েবসাইটে গিয়ে দেখে নিতে হবে। একজন প্রার্থী একবার রেজিস্ট্রেশন করতে পারবেন। মাধ্যমিকের সার্টিফিকেট, জন্ম তারিখের প্রমাণপত্র (বার্থ সার্টিফিকেট), মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, প্রার্থীর পাসপোর্ট সাইজের ছবি, স্বাক্ষর ইত্যাদি নথি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি ৫০ কেবি এবং স্বাক্ষর ২০ কেবি সাইজের মধ্যে হতে হবে। সারা দেশে সার্কেল অনুযায়ী একজন সর্বাধিক ২০টি পদে আবেদন করতে পারবেন। পোস্ট-১, পোস্ট-২ এইভাবে চিহ্নিত করে দিতে হবে আবেদন করার সময়। তবে একটি সার্কেলের জন্য একটি পোস্ট গৃহীত হবে। এসসি/এসটি/মহিলা ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট দেখুন।

ওয়েস্টার্ন রেলে স্পোর্টস কোটায় ২১

১ পাতার পর

৩টি, ৭) ক্রিকেট (ভল্ব) শাখায় শূন্যপদ ১টি, ৮) হকি (ভল্ব) শাখায় শূন্যপদ ১টি, ৯) বাস্কেটবল (এম) শাখায় শূন্যপদ ১টি, ১০) বাস্কেটবল (ভল্ব) শাখায় শূন্যপদ ১টি, ১১) ডাইভিং (এম) শাখায় শূন্যপদ ১টি, ১২) রেসলিং (এম) (ফ্রিস্টাইল) শাখায় শূন্যপদ ১টি, ১৩) হ্যান্ডবল (এম) শাখায় শূন্যপদ ২টি, ১৪) ওয়াটারপোলো (এম) শাখায় শূন্যপদ ১টি, ১৫) টেবিল টেনিস (ভল্ব) শাখায় শূন্যপদ ১টি। উপরিউক্ত ১১টি শাখায় বেতনক্রম : লেভেল ২/৩। গ্রস পে : ১৯০০/২০০০ টাকা (VI PC)। উপরিউক্ত পদগুলিতে এম অর্থে পুরুষ ও ভল্ব অর্থে মহিলা শাখা বোঝানো হয়েছে।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** বেতনক্রম– লেভেল ৪/৫ বিভাগে আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ক্রীড়া শাখায় জাতীয়/আন্তর্জাতিক স্তরে ভালো পারফর্মেন্স করতে হবে। বেতনক্রম : লেভেল ২/৩ বিভাগে আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ক্রীড়া শাখায় জাতীয়/আন্তর্জাতিক স্তরে ভালো পারফর্মেন্স করতে হবে। প্রার্থীকে তার নির্দিষ্ট পারফর্মেন্স করতে হবে ১ এপ্রিল, ২০১৯ থেকে ২৮ জুলাই ২০২১ তারিখের মধ্যে।

▸ **বয়সসীমা :** প্রার্থীর জন্মতারিখ ২ জানুয়ারি, ১৯৯৭ থেকে ১ এপ্রিল, ২০০৪ তারিখের মধ্যে।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩ সেপ্টেম্বর তারিখের মধ্যে প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে http://www.rrc-wr.com ওয়েবসাইটে গিয়ে রাত ১১টার মধ্যে। আবেদন ফি ১০০ টাকা। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from :** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector-V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

ডব্লুবিসিএস পরীক্ষা ২২ আগস্ট

২ পাতার পর

আন্ডার দ্য পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট। ৩) রিহ্যাবিলিটেশন অফিসার আন্ডার দ্য বি ফি উ জি বি লিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট। এই বিভাগের বেতনক্রম - ১০ (৩২,১০০ টাকা থেকে ৮২,৯০০ টাকা)। এই বিভাগে নির্ধারিত বয়সসীমা ২১-৩৯ বছর। গ্রুপ-বি বিভাগে আবেদনের জন্য প্রার্থীর ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১.৬৫ মিটার (পুরুষ) এবং অন্তত ১.৫০ মিটার উচ্চতা হতে হবে মহিলাদের। প্রার্থী বাছাই হয় প্রিলিমিনারি ও মেন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষাটি ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নে আড়াই ঘণ্টা সময়ে অনুষ্ঠিত হয়। প্রিলিমিনারি পরীক্ষাটি একটি পেপারে হয়ে থাকে যার নাম জেনারেল স্টাডিজ। যে যে বিষয়গুলি থাকে সেগুলি হল-- ইংলিশ কম্পোজিশন, জেনারেল সায়েন্স, কারেন্ট ইভেন্টস অফ ন্যাশনাল অ্যান্ড ইন্টার ন্যাশনাল ইমপর্টেন্স, হিস্ট্রি অফ ইন্ডিয়া, জিওগ্রাফি অফ ইন্ডিয়া উইথ স্পেশ্যাল রেফারেন্স টু ওয়েস্ট বেঙ্গল, ইন্ডিয়ান পলিটি অ্যান্ড ইকোনমি, ইন্ডিয়ান ন্যাশনাল মুভমেন্টস এবং জেনারেল মেন্টাল এবিলিটি। এই পরীক্ষায় এক-তৃতীয়াংশ নেগেটিভ মার্কিং থাকে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের মেন পরীক্ষায় বসতে হয়। মেন পরীক্ষারটি ৬টি কম্পালসারি পেপারে পরীক্ষা দিতে হয়। প্রতিটি পেপারে ২০০ নম্বর করে ৩ ঘণ্টা সময়ে পরীক্ষা নিতে হবে। যাঁরা 'সি' এবং 'ডি' গ্রুপের সঙ্গে 'এ' এবং 'বি' গ্রুপেও আবেদন করেছেন তাদের এই ৬টি কম্পালসারি পেপারের সঙ্গে ২০০ নম্বরের অফশনাল পেপারেও অংশ নিতে হয়। তারজন্য প্রার্থীকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে থাকা বিষয়গুলির মধ্যে যেকোনো নির্বাচন করে নিতে হয় আবেদনপত্র পূরণের সময়ই। কম্পালসারি পেপারগুলি হল– ১) বাংলা/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি, ২) ইংলিশ, ৩) জেনারেল স্টাডিজ-১ : ইন্ডিয়ান হিস্ট্রি উইথ স্পেশ্যাল এমফাসিস অন ন্যাশনাল মুভমেন্ট, জিওগ্রাফি অফ ইন্ডিয়া উইথ স্পেশ্যাল রেফারেন্স টু ওয়েস্ট বেঙ্গল, ৪) জেনারেল স্টাডিজ-২ : সায়েন্স অ্যান্ড সায়েন্টিফিক, টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স। ৫) দ্য কনস্টিটিউশন অফ ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ইকোনমি ইনক্লুডিং রোল অ্যান্ড ফাংশন্স অফ রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ৬) অ্যারিথমেটিক অ্যান্ড টেস্ট অফ রিজনিং। এর মধ্যে প্রথম দুটি পেপার রচনাধর্মী প্রশ্নে এবং বাকি পেপারগুলি (অপশনাল পেপারসহ) অবজেক্টিভ টাইপের প্রশ্নে হয়ে থাকে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের পার্সোনালিটি টেস্ট বা ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হয়। 'গ্রুপ-এ' ও 'গ্রুপ-বি' বিভাগে ২০০ নম্বর, 'গ্রুপ-সি' বিভাগে ১৫০ নম্বর এবং 'গ্রুপ-ডি' বিভাগে ১০০ নম্বরের ইন্টারভিউ অনুষ্ঠিত হয়। এরমধ্যে উল্লেখযোগ্য খবর হল– সম্প্রতি ২০১৯ সালে ডব্লুবিসিএস পরীক্ষার 'গ্রুপ-সি' বিভাগে উত্তীর্ণ ৩৮৭ জনের মেধাতালিকা প্রকাশিত হয়েছে। তাদের ইন্টারভিউ শুরু হচ্ছে ১৬ আগস্ট থেকে। অসংরক্ষিত প্রার্থীদের কাট-অফ মার্কস ৬৭২.৩৩৩৩, ওবিসি-এ প্রার্থীদের ৬৪৭.৬৬৬৭, ওবিসি-বি প্রার্থীদের ৬৫০০০০১, এসসি প্রার্থীদের ৬১৫, এসটি প্রার্থীদের ৫৬৫, শারীরিক প্রতিবন্ধী (ভিসি) ৪৯৬.৩৩৩৩, শারীরিক প্রতিবন্ধী (এলডিসিপি) ৬০৬.৩৩৩৩ এবং এসসি শারীরিক প্রতিবন্ধী (এলডিসিপি) ৫৪২.৬৬৬৬। ২০২০ সালের মেন পরীক্ষা অনুষ্ঠিত হবে এ মাসের ২৭-২৯ এবং ৩১ আগস্ট। সমস্ত পরীক্ষার্থীদের পত্রিকার পক্ষ থেকে শুভেচ্ছা জানানো হল।

আইডিবিআই ব্যাঙ্কে ৯৫৬ এক্সিকিউটিভ

১ পাতার পর

গৌহাটি, গোয়ালিয়র, হায়দ্রাবাদ, জয়পুর, কানপুর, কোচি, লক্ষ্ণৌ, মাদুরাই পুণে, রাজকোট, রাঁচি, ম্যাঙ্গালোর, মুম্বাই,তিরুবনন্তপুরম, বিশাখাপত্তনম ইত্যাদি স্থানে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ৫ সেপ্টেম্বর, ২০২১।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৮ আগস্টের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.idbibank.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি ২০০ টাকা। ২ সেপ্টেম্বরের মধ্যে আবেদনপত্রের প্রিন্ট আউট কপি সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে সংগ্রহ করে নিতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৪/২০২১-২২। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ভারত ইলেকট্রনিক্সে ৫১১ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

হয়েছে। আবেদন করতে হবে ১৫ আগস্টের মধ্যে। ট্রেনি ইঞ্জিনিয়ার শাখায় প্রাথমিকভাবে এক বছরের মেয়াদে নিয়োগ করা হবে। পরবর্তীতে বা ২ বছর পর্যন্ত বাড়তে পারে। প্রোজেক্ট ইঞ্জিনিয়ার শাখায় প্রাথমিকভাবে ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। পরে তা আরও ২ বছর বাড়তে পারে।

▸ **শূন্যপদ :** ট্রেনি ইঞ্জিনিয়ার শাখায় মোট শূন্যপদ ৩০৮টি (অসংরক্ষিত ১২৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩১, ওবিসি ৮৩, এসসি ৪৭ ও এসটি ২৩)। প্রোজেক্ট ইঞ্জিনিয়ার শাখায় মোট শূন্যপদ এরপর ৪ পাতায়

কারেন্ট অ্যাফেয়ার্স

৮ পাতার পর

এর প্রধান নিয়ন্ত্রক হিসেবে দায়িত্ব পালন করেছেন। দীপক দাস ১৯৮৬ ব্যাচের ইন্ডিয়ান সিভিল অ্যাকাউন্টস সার্ভিস অফিসার ছিলেন। তিনি সিজিএ পদে অধিষ্ঠিত ২৫তম অফিসার।

☞ **এসএন ঘোরমাডে :** ভাইস অ্যাডমিরাল এসএন ঘোরমাডে নয়াদিল্লির এক অনুষ্ঠানে নৌবাহিনীর প্রধান হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন। তিনি ভাইস অ্যাডমিরাল জি অশোক কুমারের স্থলাভিষিক্ত হলেন যিনি দীর্ঘ ৩৯ বছর এই পদের দায়িত্ব পালন করছিলেন। এসএন ঘোরমাডে ভারতীয় নৌবাহিনীতে ১ জানুয়ারি, ১৯৮৪ সালে যোগদান করেন। তিনি ২৬ জানুয়ারি, ২০১৭ তারিখে 'অতি বিশ্বস্ত সেবা মেডেল' এবং ২০০৭ সালে ভারতের রাষ্ট্রপতির থেকে 'নৌসেনা মেডেল' পুরস্কার পান।

প্রয়াণ

❀ **মন কৌর :** একাধিক 'ওয়ার্ল্ড মাস্টার্স চ্যাম্পিয়নশিপে' স্বর্ণপদক জয়ী এবং একাধিক 'এশিয়ান মাস্টার্স চ্যাম্পিয়নশিপ' পদকপ্রাপ্ত ক্রীড়াবিদ ১০৫ বছর বয়সি মন কৌর প্রয়াত হলেন। তিনি ২০০৭ সালে 'চণ্ডীগড় মাস্টার্স অ্যাথলিটিক্স মিট'-এ তাঁর প্রথম পদক জিতছিলেন। এর আগে ২০১১ সালে ন্যাশনাল অ্যাথলেটিক্স মিটে ১০০ মিটার এবং ২০০ মিটার দৌড়ে তিনি সোনা জিতেছিলেন। মার্কিন যুক্তরাষ্ট্রে ওয়ার্ল্ড মাস্টার্স অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে মন কৌর ১০০ মিটার এবং ২০০ মিটার চ্যাম্পিয়ন হন, তাঁকে সেরা ক্রীড়াবিদও নির্বাচিত করা হয়। ২০১৭ সালে অকল্যান্ডে ওয়ার্ল্ড মাস্টার্স অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের ১০০ বছর বয়সী বিভাগে চ্যাম্পিয়ন হওয়ায় তিনি লাইমলাইটে এসেছিলেন।

অর্থনীতি, ব্যাঙ্কিং ও ব্যাবসা-বাণিজ্য

❑ **জিএসটি আদায় ছাড়াল লক্ষ কোটির গণ্ডি :** অতিমারীর মধ্যে টানা আট মাস এক লক্ষ কোটি টাকার বেশি আদায় হলেও করোনার দ্বিতীয় ঢেউয়ের ধাক্কায় জুন মাসে অনেক নীচে নেমে গেছিল জিএসটি সংগ্রহ। জুলাইয়ে তা ফের ছাড়িয়ে গেল এক লক্ষ কোটির গণ্ডি। সরকারি পরিসংখ্যান জানিয়েছে, গত মাসে জিএসটি আদায় হয়েছে ১,১৬,৩৯৩ কোটি টাকা। যা চলতি অর্থবর্ষে দ্বিতীয় সর্বোচ্চ। এর মধ্যে কেন্দ্রীয় জিএসটি বাবদ ২২,১৯৭ কোটি, রাজ্য জিএসটি বাবদ ২৮,৫৪১ কোটি, সম্মিলিত জিএসটি বাবদ ৫৭,৮৫৪ কোটি এবং সেস বাবদ আদায় হয়েছে ৭,৭৯০ কোটি টাকা। যা গত বছরের এই সময়ের তুলনায় ৩৩% বেশি।

❑ **আমেরিকায় জিডিপি সঙ্কোচন :** অতিমারীর মন্দার কারণে ২০১৯ সালের শেষ ত্রৈমাসিক থেকে ২০২০ সালের দ্বিতীয় ত্রৈমাসিক পর্যন্ত আমেরিকার জিডিপি ১৯.২% সঙ্কুচিত হয়েছে বলে তাদের প্রকাশিত সরকারি পরিসংখ্যানে একথা জানানো হয়েছে। যদিও গত এপ্রিল-জুনে বৃদ্ধির হার ৬.৫% দাঁড়িয়েছে।

❑ **বৃহত্তম ইস্পাত সংস্থার আয় বাড়ল :** এপ্রিল-জুন ত্রৈমাসিকে বিশ্বের বৃহত্তম ইস্পাত উৎপাদন সংস্থা আর্সেলর মিত্তলের ৪০০.৫ কোটি ডলার আয় হয়েছে এবং বিক্রিও বেড়েছে। এক বছর আগে সংস্থার ক্ষতির পরিমাণ ছিল ৫৫.৯ কোটি ডলার।

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষা ১৩ আগস্ট থেকে

১ পাতার পর

১৮-৩২ বছর বয়সী প্রার্থীরা আবেদন করেন এই পরীক্ষার জন্য। টায়ার-১ পরীক্ষাটি ২০০ নম্বরের ১০০টি প্রশ্নে ১ ঘণ্টা সময়ে অনুষ্ঠিত হয়ে থাকে। যে যে বিষয়গুলি থাকে সেগুলি হল– জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন থাকে এবং প্রতিটি প্রশ্নের মান ২। এক-তৃতীয়াংশ নেগেটিভ মার্কিং থাকে। কোনো সেকশনাল কাট-অফ মার্কস থাকে না। ওভারঅল কাট-অফ মার্কস তুলতে পারলেই এই ধাপে উত্তীর্ণ বলে গণ্য হয় প্রার্থী। এই ধাপে পাশ করলে এরপর টায়ার-২ পরীক্ষায় বসতে হয়। টায়ার-২ পরীক্ষাটি ৪টি পেপারে অনুষ্ঠিত হয়ে থাকে অবজেক্টিভ টাইপের প্রশ্নে। যে যে বিষয়গুলি থাকে সেগুলি হল– কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, স্ট্যাটিস্টিক্স এবং জেনারেল স্টাডিজ (ফিন্যান্স অ্যান্ড ইকোনমিক্স)। ইংলিশ ল্যাঙ্গুয়েজ বাদে বাকি বিষয়গুলিতে ১০০টি প্রশ্ন থাকে এবং প্রতিটি প্রশ্নের মান ২। ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে ২০০টি প্রশ্ন থাকে এবং প্রতিটি প্রশ্নের মান ১। এই বিষয়ে এক-তৃতীয়াংশ নেগেটিভ মার্কিং থাকে। বাকি বিষয়গুলিতে এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকে। টায়ার-১ এবং টায়ার-২ দুটি পরীক্ষাই কম্পিউটার বেসড টেস্টে হয়। টায়ার-২ ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের টায়ার-৩ ধাপে বসতে হয়। এই ধাপটি একটি ডেসক্রিপটিভ টেস্ট। এই পরীক্ষাটি ইংরেজি বা হিন্দি ভাষায় প্রবন্ধ রচনা, ভাবার্থ, পত্ররচনা এবং আবেদনপত্র লেখার দক্ষতা দেখা হয়। টায়ার-৩ পরীক্ষাটি ১০০ নম্বরে ১ ঘণ্টা সময়ে অনুষ্ঠিত হয়ে থাকে। এরপর প্রার্থীদের টায়ার-৪ ধাপে বসতে হয় যেটি কম্পিউটার স্কিল টেস্ট। এই ধাপে প্রার্থীর টাইপিং স্পিড এবং প্রফিসিয়েন্সি টেস্ট নেওয়া হয়। বাকি পরীক্ষাগুলির আপডেট পেতে নিয়মিত https://ssc.nic.in ওয়েবসাইটে চোখ রাখুন।

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত

₹ 400

₹ 100

₹ 230

₹ 100

₹ 40

₹ 35

₹ 5

জিএসসিই পাবলিকেশনস থেকে প্রকাশিত সমস্ত বই ও ম্যাগাজিনগুলি পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই'র সেন্টার থেকে সংগ্রহ করুন।

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন— www.ehubs.in
যোগাযোগ – 9874273000

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন

◆ আমি পুরুলিয়া জেলা বাসিন্দা। বিএ বাংলা অনার্স সেকেন্ড ইয়ার পাঠরত। কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে কমিউনিটি অর্গানাইজার পদে আমি কি আবেদন করতে পারব? শিক্ষাগত যোগ্যতা ও আবেদন পদ্ধতি দয়া করে জানাবেন? স্বপন মুর্মু, আমাডি, পুরুলিয়া

☞ কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন দীন দয়াল অন্ত্যোদয়া যোজনা – ন্যাশনাল আর্বান লাইভলিহুডস মিশন-এর অধীনে কমিউনিটি অর্গানাইজার পদে ৩২ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে? অসংরক্ষিত ৭, অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ৫, অসংরক্ষিত প্রাক্তন সমরকর্মী ৩, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১, এসসি ৫, এসসি এক্সেমটেড ক্যাটেগরি ২, এসসি প্রাক্তন সমরকর্মী ১, এসটি ২, ওবিসি-এ ২, ওবিসি-এ এক্সেমটেড ক্যাটেগরি ১, ওবিসি-বি ২ এবং ওবিসি-বি এক্সেমটেড ক্যাটেগরি ১। প্রাথমিকভাবে এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে প্রার্থীদের। মাসিক বেতন ১০ হাজার টাকা। স্বীকৃত বোর্ড থেকে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সোশাল ডেভেলপমেন্টে অন্তত ৩-৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অর্থাৎ সাম্প্রদায়িক বিভাজনের উর্ধ্বে উঠে সমাজকল্যাণমূলক কাজে উক্ত অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া কম্পিউটারে মাইক্রোসফট অফিসে কাজ জানতে হবে। ১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে ১৮-৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থী হলে বয়সের ছাড় পাবেন। আবেদনপত্রে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এবং কাজের অভিজ্ঞতা দেখে নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউতে ডাকা হবে। আবেদনপত্র ডাউনলোড করতে হবে https://www.amcgov.in ওয়েবসাইট থেকে। কোনো আবেদন ফি লাগবে না। আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করে এর সঙ্গে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, মাধ্যমিকের মার্কশিট, সার্টিফিকেট, উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, আইডি প্রুফ, কাস্ট সার্টিফিকেট (যদি থাকে) ইত্যাদি প্রয়োজনীয় নথিপত্রে স্বপ্রত্যয়িত ফটোকপিসহ আবেদনপত্র একটি খামে ভরে নিম্নলিখিত ঠিকানার ড্রপ বক্সে গিয়ে জমা করে আসতে হবে। ঠিকানা– Department of Social Welfare & Urban Proverty Alleviation, 1, Hocc Street, Top Floor, Kolkata-700087। আবেদনপত্র জমা করতে হবে ১৭ আগস্টের মধ্যে। আপনি যেহেতু কলকাতা থেকে অনেকটা দূরে অবস্থান করেন, তাই আবেদন করতে চাইলে অতি সত্বর কাজটি সম্পূর্ণ করে ফেলুন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর KMC-NULM/01/2021-2022।

ব্যারাকপুর আর্মি র‍্যালি

◆ উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরে যে আর্মি র‍্যালি হবে, তার সম্পর্কে বিস্তারিত জানতে চাই। সমীর সরকার, রানিবাঁধ, বাঁকুড়া

☞ আমাদের পত্রিকা গত সংখ্যার আগের সংখ্যায় ব্যারাকপুর আর্মি র‍্যালির মাধ্যমে নিয়োগ সম্পর্কে বিস্তারিত জানানো হয়েছিল। আপনি হয়তো খবরটা দেখেননি। যাইহোক এখানে সংক্ষিপ্ত আকারে উল্লেখযোগ্য তথ্যগুলি জানানো হল। উত্তর ২৪ পরগনা জেলার ব্যারাকপুর ক্যান্টনমেন্টে আরসিটিসি গ্রাউন্ডে সংশ্লিষ্ট জেলা, হুগলি, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার ইচ্ছুক প্রার্থীদের আর্মি র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য ভারতীয় সেনার পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে। নির্ধারিত র‍্যালির তারিখ পরবর্তীতে জানানো হবে। রেজিস্ট্রেশন করতে হবে ২১ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে www.joinindianarmy.nic.in ওয়েবসাইটে গিয়ে। নির্ধারিত র‍্যালির দিন ১৫ আগে প্রার্থীর রেজিস্টার্ড ইমেল আইডিতে অ্যাডমিট কার্ড পাঠিয়ে দেওয়া হবে। ১ অক্টোবর, ২০২০ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর, ১৯৯৮ থেকে ১ এপ্রিল, ২০০৪ তারিখের মধ্যে। তবে সোলজার জেনারেল ডিউটি পদের জন্য জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর, ২০০০ থেকে ১ এপ্রিল, ২০০৪ তারিখের মধ্যে। এই র‍্যালির মাধ্যমে সোলজার জেনারেল ডিউটি, সোলজার টেকনিক্যাল, সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন/অ্যামিউনেশন এক্সামিনার), সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট, সোলজার ক্লার্ক এবং সোলজার ট্রেডসম্যান (আর্মড, অষ্টম পাশ) শাখায় প্রার্থী নিয়োগ করা হবে। পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা বিভিন্ন। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হল প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বরসহ অষ্টম শ্রেণি পাশ এবং উচ্চতর শিক্ষাগত যোগ্যতা হল ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথ ও ইংরেজি - প্রতিটি বিষয়ে অন্তত ৪০ শতাংশ এবং সর্বমোট অন্তত ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে। তবে সোলজার ক্লার্ক শাখার জন্য যেকোনো শাখায় অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করতে হবে এবং প্রতিটি বিষয়ে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পেতে হবে। ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬৯ সেমি এবং বুকের ছাতি অন্তত ৭৬ সেমি ও ফুলিয়ে ৫ সেমি বেশি থাকতে হবে। র‍্যালিতে প্রার্থীদের ফিজিক্যাল ফিটনেস টেস্টে পাশ করার পর গ্রুপ-১ বিভাগে ১.৬ কিমি দূরত্ব দৌড়তে হবে ৫ মিনিট ৩০ সেকেন্ডে। গ্রুপ-২ বিভাগে ওই একই দূরত্ব দৌড়তে হবে ৫ মিনিট ৩১-৪৫ সেকেন্ডের মধ্যে। গ্রুপ-১ বিভাগে পুল-আপ দিতে হবে ১০টি এবং তারপরে ৯টি। গ্রুপ-২ বিভাগে পুল-আপ দিতে হবে যথাক্রমে ৮টি, ৭টি ও ৬টি। এরপর আছে ৯ ফুট ডিচ এবং জিগজ্যাগ ব্যালেন্স। দুটোতেই প্রার্থীদের পাশ করতে হবে। এই সবকিছুতে উত্তীর্ণ হলে প্রার্থীদের মেডিক্যাল টেস্টে পাশ করতে হবে এবং তারপর লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। শুধুমাত্র অবিবাহিত পুরুষ প্রার্থীরাই আবেদনযোগ্য। বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ুন।

স্কুল সাব-ইন্সপেক্টর

◆ পশ্চিমবঙ্গে স্কুল সাব-ইন্সপেক্টরের পরীক্ষার তারিখ জানতে চাই। মধুমিতা ঘোষ, রাইপুর, ছত্তিশগড়

☞ ৩৩৮টি শূন্যপদে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন স্কুলের সাব-ইন্সপেক্টর পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল ২০১৮ সালে। এই নিয়োগের জন্য লিখিত পরীক্ষা হয়েছিল ঐ বছর ৭ অক্টোবর। এর পরের আপডেট এখনও পর্যন্ত কমিশন জানায়নি।

সিরামিক রিসার্চ ইনস্টিটিউট

◆ কলকাতা সিরামিক রিসার্চ ইনস্টিটিউটে উচ্চমাধ্যমিক যোগ্যতায় কি নিয়োগ চলছে? বিশদে জানাবেন। পিয়ালি কর্মকার, বসিরহাট

☞ কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সিরামিক রিসার্চ ইনস্টিটিউট, কলকাতা ১৮টি শূন্যপদে জুনিয়র স্টেনোগ্রাফার, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (জেনারেল, ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস, স্টোর্স অ্যান্ড পারচেজ) পদে ১৮ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/২০২১। এরমধ্যে জুনিয়র স্টেনোগ্রাফার (ইংলিশ/হিন্দি) শাখার জন্য মাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে টাইপিং স্পিড ভাল থাকতে হবে এবং স্টেনোগ্রাফি জানতে হবে। জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস) শাখার জন্য অ্যাকাউন্টেন্সি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে টাইপিং স্পিড থাকতে হবে ইংরেজিতে ৩৫টি শব্দ প্রতি মিনিটে অথবা হিন্দিতে ৩০টি শব্দ প্রতি মিনিটে। এই একই টাইপিং স্পিড নিয়ে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে বাকি পদগুলিতে আবেদন করা যাবে। বয়সসীমা ২৮ বছর। শুধুমাত্র জুনিয়র স্টেনোগ্রাফার পদের জন্য বয়সসীমা ২৭ বছর। স্কিল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে। আবেদনের শেষ তারিখ ১৫ আগস্ট। আবেদন করতে হবে http://www.cgcri.res.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন এই ইমেল আইডিতে। **Email : sckmatter@gmail.com** অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর ছাপানো হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হবে না।

ভারত ইলেকট্রনিক্সে ৫১১ ইঞ্জিনিয়ার

৩ পাতার পর

২০৩টি (অসংরক্ষিত ৮৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২১, ওবিসি ৫৪, এসসি ৩০ ও এসটি ১৪)। এই শূন্যপদগুলির মধ্যে ৪ শতাংশ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

▸ **বয়সসীমা :** ১ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী ট্রেনি ইঞ্জিনিয়ার পদে বয়সসীমা ২৫ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার শাখায় বয়সসীমা ২৮ বছর। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **বেতনক্রম :** ট্রেনি ইঞ্জিনিয়ার শাখায় প্রাথমিকভাবে বেতনক্রম শুরু হবে মাসিক ২৫ হাজার টাকা করে এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার শাখায় প্রাথমিকভাবে বেতনক্রম শুরু হবে ৩৫ হাজার টাকা করে।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক পাশ করতে হবে। ইলেকট্রনিক্স/ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ইলেকট্রনিক্স অ্যান্ড টেলি কমিউনিকেশন/টেলি কমিউনিকেশন/কমিউনিকেশন/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায়। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ফার্স্ট ক্লাসে পাশ করলে আবেদনযোগ্য।

▸ **নির্বাচন পদ্ধতি :** মেধাতালিকা প্রস্তুত করা হবে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। ৭৫ শতাংশ নম্বর থাকবে শিক্ষাগত যোগ্যতার ওপর, ১০ শতাংশ নম্বর থাকবে প্রার্থীর যদি কাজের অভিজ্ঞতা থাকে তার ওপর এবং ১৫ শতাংশ নম্বর থাকবে ইন্টারভিউতে প্রার্থীর পারফরম্যান্সের ওপর।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৫ আগস্টের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.bel-india.in ওয়েবসাইটে গিয়ে। প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে আবেদন ফি ৫০০ টাকা। ট্রেনি ইঞ্জিনিয়ার পদে আবেদন ফি ২০০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিস্তারিত জানতে নিয়মিত চোখ রাখুন উপরিউক্ত ওয়েবসাইটে।

GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

- বিষয়ভিত্তিক তথ্য সংকলন
- ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
- পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021 *	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
CAPF (ACs) Exam 2021	08.08.2021	
Engineering Service Preli Exam 2021	18.07.2021	
IES / ISS Exam 2021	16.07.2021	
Staff Selection Commission		
MTS Tier-I Exam 2021	01-20.07.2021	www.ssc.nic.in
MTS Tier-II Exam 2021	21.11.2021	
SSC GD Constable, 2020	02-25.08.2021	
Delhi Police SI (Paper-II) 2020	12.07.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WBCS 2019 Group-C Main Result	www.wbpsc.gov.in
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

জীবন গড়ার ১০০ বছর

■*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ — যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
